



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরিশাল-১০৩/২০১৮/১০৪০২ তারিখ : ১৩ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

দুখল ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: দুখল মাদরাসা, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল এর ফাজিল স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তরনিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২২ খ্রিঃ তারিখ থেকে ৩০.০৬.২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. ফাজিল শ্রেণির ছাত্রদের মাদরাসার ছাত্রাবাসে অবস্থানের সুযোগ দিতে হবে।
২. মাদরাসার লাইব্রেরীকে আরো সমৃদ্ধিকরণ করতে হবে।
৩. নাহ-সরফ ও আরবি ভাষার দক্ষতা বৃদ্ধির জন্য প্রতি বৃহস্পতিবার যোহরের পর সম্মিলিত ভাবে চর্চা করার ব্যবস্থা করতে হবে।
৪. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সকল দফতরের নোটিশগুলো মাদরাসা নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।
৫. মাদরাসার মাঠকে ফুল ও ফলের গাছ দ্বারা সজ্জিত করতে হবে।
৬. শ্রেণি কক্ষসহ বিভিন্ন কক্ষের নাম আরবিতে লিখতে হবে।
৭. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
৮. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Damod 15.06.22

ড. জাভেদ আহমাদ

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

দুখল ইসলামিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর: দুখল মাদরাসা, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরিশাল-১০৩/২০১৮/১০৪০২ তারিখ : ১৩ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

৮. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
১০. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
১১. পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৩. সভাপতি, দুখল ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: দুখল মাদরাসা, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
১৪. অফিস নথি।

Shirin
15.06.22

শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬